

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৬৯৬

পরিচ্ছেদঃ তলওয়ার এবং তার অলংকার।

باب مَا جَاءَ فِي السُّيُوفِ وَحِلْيَتِهَا

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ صُدْرَانَ أَبُو جَعْفَرِ الْبَصْرِيُّ، حَدَّثَنَا طَالِبُ بْنُ حُجَيْرٍ، عَنْ هُودِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ سَعْدٍ، عَنْ جَدِّهِ، مَزِيدَةَ قَالَ دَخَلَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَوْمَ الْفَتْحِ وَعَلَى سَيْفِهِ ذَهَبٌ وَفِضَّةٌ . قَالَ طَالِبٌ فَسَأَلْتُهُ عَنِ الْفِضَّةِ فَقَالَ كَانَتْ قَبِيعَةُ السَّيْفِ فِضَّةً . قَالَ طَالِبٌ فَسَأَلْتُهُ عَنِ الْفِضَّةِ فَقَالَ كَانَتْ قَبِيعَةُ السَّيْفِ فِضَّةً . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ أَنسٍ . وَهَذَا حَدِيثٌ غَرِيبٌ . وَجَدُّ هُودٍ اسْمُهُ مَزِيدَةُ الْعَصَرِيُّ .

বাংলা

১৬৯৬। মুহাম্মদ ইবনু সুদরান আবৃ জা'ফার বাসরী (রহঃ) ... মাযীদা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লালাহু আলাইহি ওয়াসাল্লাম যখন মক্কা বিজয়ের দিন মক্কায় প্রবেশ করেন তখন তাঁর তলোয়ার ছিল স্বর্ণ ও রৌপ্য-খচিত। যঈফ, মুখতাসার শামাইল মুহাম্মাদিয়া ৮৭, ইরওয়া ৩/৩০৬, তিরমিজী হাদিস নম্বরঃ ১৬৯০ [আল মাদানী প্রকাশনী]

বর্ণনাকারী তালিব বলেন, আমি তাঁকে রৌপ্য সম্পর্কে জিজ্ঞাসা করলে তিনি বললেনঃ তলোয়ারের বাটটি ছিল রৌপ্য খচিত। এই বিষয়ে আনাস রাদিয়াল্লাভ্ আনভ্ থেকেও হাদীস বর্ণিত আছে। এই হাদীসটি গারীব। হূদ (রহঃ) এর মাতামহের নাম হল মাযীদা আসরী রাদিয়াল্লাভ্ আনহা।

English

Narrated Talib bin Hujair:

From Hud bin 'Abdullah bin Sa'd, from his grandfather Mazidah, who said: "The Messenger of Allah (ﷺ) on the Day of the Conquest and there was gold and silver on his sword." Talib said: "So I asked him about the silver and he said: 'The hand-guard of his sword was of silver.'"



[Abu 'Eisa said:] There is something on this topic form Anas. This Hadith is Hasan Gharib. Hud's (great) grandfather's name is Mazidah Al-'Asari.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন